# বিশেষ শিক্ষা ব্যুরো
# অভিযোগ তথ্য প্যাকেট ও ফরম

*জানুয়ারি 2025*

**প্রিয় (মা-বাবা / অভিভাবক / অভিযোগকারী):**

ব্যুরো অফ স্পেশাল এডুকেশন (BSE) এর সাথে যোগাযোগ করার জন্য এবং এই বিষয়ে আপনাকে সহায়তা করার সুযোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। অনুগ্রহ করে খামের উপকরণসমূহ সাবধানে পর্যালোচনা করুন। আপনার যদি প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে 1-800-879-2301 নম্বরে কনসালটলাইন বা (717) 783-6913 নম্বরে BSE এর সাথে নির্দ্বিধায় যোগাযোগ করুন।

অভিযোগ প্রক্রিয়া BSE একটি স্বাক্ষরিত, সম্পূর্ণ অভিযোগ পেলে শুরু হয়। বিএসইকে অবশ্যই 60 দিনের মধ্যে তদন্ত শেষ করতে হবে এবং অভিযোগ তদন্ত প্রতিবেদন (CIR) জারি করতে হবে। যদি স্টেট বা ফেডারেল আবশ্যিকতার লঙ্ঘন পাওয়া যায় তবে স্থানীয় শিক্ষা সংস্থা (LEA) অর্থাৎ ইন্টারমিডিয়েট ইউনিট, স্কুল ডিস্ট্রিক্ট, চার্টার স্কুল, আঞ্চলিক অফিস (ফিলাডেলফিয়া), APS ইত্যাদিকে অ-পরিপালন সংশোধন করার নির্দেশ দেওয়া হবে।

প্রতিটি অভিযোগ BSE কর্তৃক নিযুক্ত বিশেষ শিক্ষা পরামর্শককে অর্পণ করা হয়।

- অভিযোগের বিষয় স্পষ্ট করার জন্য পরামর্শক আপনার সাথে ফোনে যোগাযোগ করবেন। আপনি সাধারণ কর্মঘন্টার মধ্যে সর্বজনীন স্থানে পরামর্শকের সাথে স্বশরীরে দেখা করতে পারেন ।
- পরামর্শক আপনাকে অন্যদের নাম বলতে বলবেন যাদের অভিযোগের সত্যতা সম্পর্কে জ্ঞান থাকতে পারে এবং প্রতিবেদন জারি করার আগে তাদের যুক্তিসঙ্গত সংখ্যক সাক্ষাত্কার নেবেন । (ঐচ্ছিক)
- অভিযোগের বিষয় যাচাই করে আপনাকে একটি স্বীকৃতি পত্র প্রেরণ করা হবে।

- যদি উত্থাপিত সমস্যা BSE-র এখতিয়ারের মধ্যে না থাকে তাহলে আপনি এটি জানিয়ে একটি চিঠি পাবেন।

  আপনাকে অন্যান্য এজেন্সির সাথে যোগাযোগের তথ্য সরবরাহ করা হবে যা সহায়ক হতে পারে।
- পরামর্শক প্রাসঙ্গিক রেকর্ড পর্যালোচনা এবং কর্মীদের সাক্ষাত্কার নিতে LEAতে একটি সরেজমিন তদন্ত পরিচালনা করতে পারেন।
- আপনি চূড়ান্ত CIR এর আগে মৌখিক বা লিখিতভাবে অতিরিক্ত তথ্য সরবরাহ করতে পারেন।
- পরামর্শক তখন ঘটনা বিশ্লেষণ করবেন এবং লিখিত CIR তৈরি করবেন।
- পরামর্শক CIR পর্যালোচনা ও পুনর্বিবেচনার জন্য বিভাগীয় প্রধানের কাছে প্রেরণ করবেন।
- বিভাগীয় প্রধান অনুমোদনের পর CIR জারি করা হবে।

**অভিযোগ নিষ্পত্তি বা প্রত্যাহার:**
পক্ষসমূহ স্বাধীনভাবে অভিযোগটি সমাধান করতে পারে। যদি পক্ষসমূহ সমস্যার সমাধান করে তাহলে LEA অভিযোগকারীর স্বাক্ষরসহ একটি লিখিত নিশ্চিতকরণ জমা দেবে। BSE অভিযোগ বন্ধ করার জন্য অভিযোগকারী এবং LEA এর প্রতি একটি রেজোলিউশন লেটার জারি করবে।

অভিযোগকারী অভিযোগ প্রত্যাহার করাও বেছে নিতে পারেন। পরামর্শক অভিযোগকারীর সাথে যোগাযোগ করবেন এবং চিঠির মাধ্যমে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি চাইবেন এবং BSE প্রত্যাহার পত্রের মাধ্যমে অভিযোগকারীকে নিশ্চিতকরণ জারি করবে।

**অভিযোগের জন্য সময়সীমা বাড়ানো:**
পক্ষসমূহ যেকোনো সময় মধ্যস্থতা প্রক্রিয়ায় প্রবেশ করতে পারে। যদি পক্ষসমূহ মধ্যস্থতা, বা বিরোধ নিষ্পত্তির অন্যান্য বিকল্প উপায়ে (যেমন, IEP সুবিধা) নিযুক্ত থাকে তাহলে উভয় পক্ষের সম্মতি প্রাপ্তির পরে অভিযোগ তদন্তের সময়সীমা 60 দিনের বেশি বাড়ানো যেতে পারে।

**বিধিবদ্ধ ভিত্তি:**
অভিযোগের তথ্য - ফেডারেল বিধি (34 CFR §300.153) অনুযায়ী, অভিযোগ দায়ের করার জন্য আবশ্যক উপাদান রয়েছে। নিচে উক্ত বিধি দেওয়া হলো।

**§300.153 অভিযোগ দায়ের করা।**

(a) কোনো সংস্থা বা ব্যক্তি §§300.151 থেকে 300.152 এ বর্ণিত পদ্ধতির অধীনে একটি স্বাক্ষরিত লিখিত অভিযোগ দায়ের করতে পারে।
(b) অভিযোগে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে-
  (1) একটি বিবৃতি যে কোনো পাবলিক এজেন্সি আইনের বা এই অংশের পার্ট বি এর বাধ্যবাধকতা লঙ্ঘন করেছে;
  (2) যে তথ্যের উপর ভিত্তি করে বিবৃতিটি তৈরি করা হয়েছে;
  (3) অভিযোগকারীর স্বাক্ষর এবং যোগাযোগের তথ্য; এবং
  (4) যদি কোনো নির্দিষ্ট শিশুর ক্ষেত্রে লঙ্ঘনের অভিযোগ করা হয়-
    (i) শিশুর বাসস্থানের নাম ও ঠিকানা;
    (ii) শিশুটি যে স্কুলে পড়ছে তার নাম;
    (iii) গৃহহীন শিশু বা তরুণের ক্ষেত্রে (ম্যাককিনি-ভেন্টো গৃহহীন সহায়তা আইন (42 U.S.C. 11434 a (2)) এর ধারা 725 (2) এর অর্থের মধ্যে), শিশুর জন্য উপলব্ধ যোগাযোগের তথ্য এবং শিশুটি যে স্কুলে অংশ নিচ্ছে তার নাম;
    (iv) সমস্যা সম্পর্কিত তথ্যসহ শিশুর সমস্যার প্রকৃতির বর্ণনা; এবং
    (v) অভিযোগ দায়ের করার সময় পক্ষের কাছে যতদূর সম্ভব জ্ঞাত ও উপলব্ধ সমস্যার প্রস্তাবিত সমাধান।
(c) অভিযোগে অবশ্যই একটি লঙ্ঘনের অভিযোগ করতে হবে যা § 300.151 অনুসারে অভিযোগ পাওয়ার তারিখের এক বছরেরও বেশি আগে ঘটেনি।
(d) অভিযোগ দায়েরকারী পক্ষকে অবশ্যই অভিযোগের একটি অনুলিপি LEA বা শিশুটিকে সেবাদানকারী পাবলিক এজেন্সির কাছে প্রেরণ করতে হবে একই সাথে পক্ষ SEA-তে অভিযোগ দায়ের করবে।

**তৃতীয় পক্ষ কর্তৃক দায়ের - গোপনীয়তার প্রয়োজনীয়তা বিজ্ঞপ্তি:**
যদি মা-বাবা বা অভিভাবক ব্যতীত অন্য কোনো ব্যক্তি অভিযোগ দায়ের করেন, তাহলে অভিযোগকারী বিশেষ শিক্ষা পরামর্শকের কাছ থেকে একটি চিঠি পাবেন যাতে বলা হবে যে গোপনীয় তথ্য প্রকাশের জন্য মা-বাবার অনুমতি ব্যতীত BSE অভিযোগের বিষয়ে সরাসরি তাদের প্রতিক্রিয়া জানাতে অক্ষম।

তবে, BSE একটি তদন্ত পরিচালনা করবে, অনুসন্ধানের CIR প্রস্তুত করবে এবং ফলাফল সরাসরি মা-বাবা ও LEA এর প্রতি জারি করবে।

ফেডারেল রেগুলেশনস কোড (CFR), শিরোনাম 34, পার্ট 300 এর আবশ্যিকতা:

1. BSE অভিযোগের তদন্ত করার আগে অভিযোগকারীকে অবশ্যই অভিযোগে স্বাক্ষর করতে হবে।
2. অভিযোগকারীকে বিধি অনুসারে অভিযোগের একটি অনুলিপি LEA তে প্রেরণ করতে হবে।
3. অভিযোগকারীকে অবশ্যই সমস্যার সমাধানের প্রস্তাব দিতে হবে যদি অভিযোগ দায়ের করার সময় কোনো পক্ষের কাছে জ্ঞাত ও উপলব্ধ থাকে।
4. অভিযোগ সমাধানের প্রস্তাব সরবরাহ করে সরকারী সংস্থার প্রতিক্রিয়া জানানোর সুযোগ রয়েছে।
5. অভিযোগ দায়েরকারী মা-বাবা এবং সরকারী সংস্থাকে স্বেচ্ছায় মধ্যস্থতায় জড়িত হওয়ার সুযোগ দেওয়া হয়।
6. অভিযোগকারী LEA থেকে পদ্ধতিগত সুরক্ষা নোটিশের একটি অনুলিপি পাবেন যখন কোনো অভিযোগকারী স্কুল বছরে প্রথমবারের মতো অভিযোগ দায়ের করবেন।

# অভিযোগ ফরম

অনুগ্রহ করে নির্দ্বিধায় এই ফর্মটির অনুলিপি তৈরি করুন, অতিরিক্ত কাগজ ব্যবহার করুন, অথবা অতিরিক্ত অনুলিপির জন্য 1- 800-879-2301 নম্বরে পরামর্শক অথবা 717-783-6913 নম্বরে বিশেষ শিক্ষা ব্যুরোতে (BSE) কল করুন।

**এই অভিযোগের জন্য নিযুক্ত পরামর্শক কর্তৃক আমার সাথে যোগাযোগের পছন্দসই পদ্ধতি (ঐচ্ছিক):**

☐ **ফোনের মাধ্যমে (অনুগ্রহ করে নম্বর দিন):**
**কল করার জন্য সাধারণ কার্যদিবসের সর্বোত্তম সময়:**

☐ **ইমেইলের মাধ্যমে (অনুগ্রহ করে ইমেইল ঠিকানা দিন):**

☐ **সাধারণ কার্যদিবসে কোনো পাবলিক ফ্যাসিলিটিতে স্বশরীরে।** ফ্যাসিলিটি সম্ভবত কোনো স্কুল বা ইন্টারমিডিয়েট ইউনিট বিল্ডিং হবে যেখানে নথি অনুলিপি করা যায়।

**আপনি কি কোনো নির্দিষ্ট শিশুর পক্ষ থেকে এই অভিযোগ দায়ের করছেন?** ☐ হ্যাঁ ☐ না

## অনুগ্রহ করে আপনার যোগাযোগের তথ্য, শিশুর সাথে সম্পর্ক ও স্বাক্ষর সরবরাহ করুন।

**নাম :**

**ঠিকানা:**

**ফোন নম্বর:**

**বাড়ি:**

**কর্মস্থল:**

**সেল:**

**ইমেইল:**

**শিশুর সাথে সম্পর্ক:**
☐ মা-বাবা ☐ অ্যাটর্নি ☐ অ্যাডভোকেট ☐ অন্যান্য

**শিশুর নাম, বাসস্থানের ঠিকানা, স্কুল এবং স্কুল ডিস্ট্রিক্ট।**
**শিশুর নাম:**

**জন্ম তারিখ:**

**ঠিকানা:**

**শিশু কি বর্তমানে স্কুলে আছে?** ☐ হ্যাঁ ☐ না

**যদি তাই হয়, শিশুর বর্তমান প্রোগ্রাম কোথায়:**

**বিদ্যালয় ভবন:**

**স্কুল ডিস্ট্রিক্ট:**

**চার্টার স্কুল:**

**শিশুকে কি প্রকাশ্যে কোনো বিচারক বা শিশু কল্যাণ সংস্থা কর্তৃক শিক্ষামূলক প্রোগ্রামে রাখা হয়েছে?**

☐ হ্যাঁ ☐ না

**যদি তাই হয়, শিশুর বর্তমান প্রোগ্রাম কোথায়:**

**যোগাযোগের ব্যক্তি:**

**টেলিফোন:**

**কোনো অত্যন্ত ভ্রাম্যমাণ শিক্ষার্থীর পক্ষে অভিযোগটি দায়ের করা হলেই কেবল পূরণ**

**করুন। যোগাযোগের ব্যক্তি:**

**টেলিফোন:**

**এই লঙ্ঘন কি গত বছরের মধ্যে ঘটেছে? যদি তাই হয়, কোন তারিখে?**

**তারিখ:**

**আমার অভিযোগ স্পষ্ট করার জন্য, আমি চাই পরামর্শক নিম্নলিখিত ব্যক্তি(দের) সাক্ষাত্কার নিক: (ঐচ্ছিক)**

| নাম | পেশা/পদ | ফোন নম্বর/ই-মেইল ঠিকানা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

**অনুগ্রহ করে লঙ্ঘন বা সমস্যা সম্পর্কে একটি বিবৃতি সরবরাহ করুন, যা আপনি বিশ্বাস করেন যে ঘটেছে। সমস্যার প্রকৃতি সম্পর্কে একটি বিবরণ অন্তর্ভুক্ত করুন।**

**আপনার বক্তব্য সমর্থন করে এমন তথ্য তালিকাভুক্ত করুন।**

**আপনার জানামতে, অনুগ্রহ করে এই সমস্যার একটি সমাধান প্রস্তাব করুন যদি জ্ঞাত ও উপলব্ধ থাকে।**

**এই অভিযোগটি BSE এর তদন্তের জন্য স্বাক্ষর করতে হবে। আপনাকে অবশ্যই এই অভিযোগের একটি অনুলিপি স্থানীয় শিক্ষা সংস্থা (LEA) এর কাছেও পাঠাতে হবে। নিচে স্বাক্ষর করার মাধ্যমে, আপনি BSE-কে জানাচ্ছেন যে আপনি LEA-তে অভিযোগের একটি অনুলিপি সরবরাহ করেছেন।**

______________________________________________________________________

**স্বাক্ষর** **তারিখ**

**অনুগ্রহ করে যার কাছে ফরম ফেরত দেবেন:**
**PDE/BSE**
**কমপ্লায়েন্স মনিটরিং অ্যান্ড প্ল্যানিং বিভাগ - ইস্ট**
**607 সাউথ ড্রাইভ, 3য় ফ্লোর**
**হ্যারিসবার্গ, PA 17120**

**ই-মেইল: ra-pdespecialed@pa.gov**

**ConsultLine – CRP**

______________________________

**অনুস্বাক্ষর** **তারিখ**